



নর্দান বিশ্ববিদ্যালয়ের চতুর্থ সমাবর্তন অনুষ্ঠিত

প্রকাশিত: ১৫ - মার্চ, ২০১৮ ১২:০০ এ. এম.

১৪ মার্চ উৎসব ও আনন্দঘন পরিবেশে জমকালো আয়োজনে অনুষ্ঠিত হয়েছে নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশের ৪র্থ সমাবর্তন। এতে রাষ্ট্রপতি ও নর্দান ইউনিভার্সিটির চ্যান্সেলর মোঃ আব্দুল হামিদের পক্ষ থেকে গ্রাজুয়েটদের ডিগ্রী প্রদান করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি। সমাবর্তনে বক্তা ছিলেন প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান। ঢাকা আন্তর্জাতিক বিমানবন্দরের সন্নিহিত আশকোনায়ে নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশের স্থায়ী ক্যাম্পাস প্রাঙ্গণে এ সমাবর্তনটি অনুষ্ঠিত হয়।

শিক্ষামন্ত্রী তার বক্তব্যের শুরুতেই স্থায়ী ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম শুরু ও আধুনিক বিশেষায়িত সঙ্গে তাল মিলিয়ে দক্ষ ও বাস্তব জ্ঞানে সমৃদ্ধ নাগরিক তৈরির জন্য নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশ কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। গ্রাজুয়েটদের উদ্দেশ্যে তিনি বলেন, তোমরা আজকে ডিগ্রী নিচ্ছ, কিন্তু তোমাদের বাস্তব কর্মজীবন শুরু করতে হবে এখান থেকেই। নর্দান ইউনিভার্সিটি তোমাদের যে নৈতিক। -বিজ্ঞপ্তি

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতুক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাল্ল: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

